

জাতীয় বিশ্ববিদ্যালয়ে আট বছর পর ভর্তি পরীক্ষা

অনলাইন ডেস্ক

৩১ মে ২০২৫, ০৯:৩০ এএম



দীর্ঘ আট বছর পর আবারও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সরাসরি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এতে অংশ নিতে আবেদন করেছেন পাঁচ লাখ ৫০ হাজারেরও বেশি শিক্ষার্থী। শনিবার বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত একযোগে দেশের ৬৪টি জেলায় ৮৭৯টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

UNIBOTS



বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ জানান, ‘সারাদেশে একযোগে পরীক্ষা হওয়ায় কেন্দ্রসচিব ও সংশ্লিষ্টদের দায়িত্ব অনেক। তাদের স্বাইকে নির্ধারিত নির্দেশনা দেওয়া হয়েছে।’ ২০১৪-১৫ শিক্ষাবর্ষ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা নেওয়া হতো। তবে ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকে এসএসসি ও এইচএসসির ফলাফলের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি শুরু হয়। চলতি বছর সেই সিদ্ধান্তে পুনরায় পরিবর্তন এনে আবারও পরীক্ষার মাধ্যমে ভর্তি কার্যক্রম শুরু হলো।

এবারের ভর্তি পরীক্ষা হবে বহুনির্বাচনি প্রশ্ন (এমসিকিউ) ভিত্তিক, মোট নম্বর ১০০। সময় নির্ধারিত ১ ঘণ্টা। প্রতি সঠিক উত্তরে ১ নম্বর প্রাপ্তি হলেও ভুল উত্তরে কোনো নম্বর কাটা হবে না। পাস করার জন্য প্রয়োজন ন্যূনতম ৩৫ নম্বর।

এমসিকিউ অংশের নম্বরের সঙ্গে এসএসসির ফলাফলের ৪০ শতাংশ এবং এইচএসসির ফলাফলের ৬০ শতাংশ যুক্ত করে মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে।